

AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date: 02.12.2024

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবর –

১) একটি মাত্র সম্প্রদায়ের উপর বিরাগের কারণে ওয়াকফ সম্পত্তি আইনের সংশোধনী আনা হয়েছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মন্তব্য করেছেন। রাজনীতির উর্দে উঠে মানুষের জন্য কাজ করার আহ্বান জানান তিনি।

২) বাংলাদেশে আটকে পড়া ভারতীয়দের নিরাপত্তা নিয়ে উদ্বেগ প্রকাশ করে মুখ্যমন্ত্রী, বিষয়টি নিয়ে কেন্দ্রীয় সরকারের হস্তক্ষেপ দাবি করেছেন।

৩) রাজ্যের চাহিদা মিটলে তবেই অন্য রাজ্যে আলু পাঠানোর অনুমতি দেওয়া হবে বলে স্পষ্টভাবে জানিয়ে দিয়েছে সরকার।

৪) বিভিন্ন কেন্দ্রীয় সংস্থার অসহযোগিতার কারণে রাজ্যের প্রায় ১০ লক্ষ পরিবার বা ৫০ লক্ষ মানুষ জল জীবন মিশন প্রকল্পের পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছেন বলে মুখ্যমন্ত্রী অভিযোগ করেছেন।

৫) রাজ্য সরকার বিভিন্ন দপ্তরে স্থায়ী ও চুক্তিভিত্তিক মিলিয়ে শূন্য পদে প্রায় দেড় হাজার লোক নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে।

৬) রাজ্যে আগামীকাল থেকে আকাশ পরিষ্কার হবে এবং তাপমাত্রাও নামবে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

একটি মাত্র সম্প্রদায়ের উপর বিরাগের কারণে ওয়াকফ সম্পত্তি আইনের সংশোধনী আনা হয়েছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মন্তব্য করেছেন। তিনি বলেন, সব ধর্মাবলম্বীদের তাদের নিজ নিজ ধর্ম পালনের অধিকার রয়েছে। মুখ্যমন্ত্রী আজ রাজ্য বিধানসভায় কেন্দ্রের আনা ওয়াকফ সম্পত্তি আইনের সংশোধনী বিলের বিরোধিতা করে ওই মন্তব্য করেন। তিনি বলেন, কোনো একটি ধর্মকে পছন্দ করি না বলে বিভেদ করা উচিত নয়। মুখ্যমন্ত্রী বলেন রাজনীতির উর্ধ্বে উঠে মানুষের জন্য কাজ করতে হবে। এ রাজ্যে ধর্মের ভিত্তিতে বিভেদ করা হয় না বলেও তিনি উল্লেখ করেন। এই প্রসঙ্গে তিনি বলেন, সংখ্যা গুরুদের সর্বদা সংখ্যা লঘুদের স্বার্থরক্ষা করা উচিত। অপরদিকে সংখ্যালঘুদেরও তাদের সম্মান করা দরকার বলে তিনি মনে করেন।

বিলটি উত্থাপনের আগে বিরোধী রাজনৈতিক দল সহ সংশ্লিষ্ট সকলের সঙ্গে আলোচনা করা উচিত ছিল বলে মুখ্যমন্ত্রী মত প্রকাশ করেন। পরিষদীয় মন্ত্রী শোভন দেব চট্টোপাধ্যায় আজ প্রস্তাবটি সভায় উত্থাপন করেন। আলোচনায় অংশ নেন মন্ত্রী ব্রাত্য বসু, বিজেপি বিধায়ক শংকর ঘোষ প্রমুখ। আগামীকালও বিধানসভায় এই প্রস্তাবের ওপর আলোচনা চলবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশে আটকে পড়া ভারতীয়দের নিরাপত্তা নিয়ে উদ্বেগ প্রকাশ করে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বিষয়টি নিয়ে কেন্দ্রীয় সরকারের হস্তক্ষেপ দাবি করেছেন। এ ব্যাপারে সংসদে প্রধানমন্ত্রী বা বিদেশ মন্ত্রীর বিবৃতি দাবি করেছেন তিনি। বিধানসভায় আজ বাংলাদেশের সাম্প্রতিক পরিস্থিতি নিয়ে তাঁর বক্তব্যে মুখ্যমন্ত্রী দাবি করেন গত ১০ দিন ধরে বাংলাদেশে উদ্বেগজনক বহু ঘটনা ঘটলেও সে ব্যাপারে কেন্দ্রীয় সরকার নীরব।

(বাইট- মুখ্যমন্ত্রী)

মুখ্যমন্ত্রী জানান, ভুল করে জলসীমা অতিক্রম করায় এ রাজ্যের ৭৯ জন মৎস্যজীবীকে বাংলাদেশের একটি থানায় আটক করে রাখা হয়েছে। রাজ্যের তরফ থেকে তাদের আইনজীবী দেওয়ার পাশাপাশি কেন্দ্রীয় সরকারকে বিষয়টি জানানো হয়েছে। তা স্বত্বেও ওই মৎস্যজীবীরা মুক্তি পাননি। অতীতে এরকম ঘটনা কখনো ঘটেনি। অথচ বাংলাদেশী ট্রলার ডুবে যাওয়ার পরে উদ্ধার হওয়া মৎস্যজীবীদের নিরাপদে সে দেশে ফেরত পাঠানো হয়েছে। বাংলাদেশে বসবাসরত এ রাজ্যের বহু মানুষের পরিবার-পরিজনের নিরাপত্তা নিয়ে মুখ্যমন্ত্রী আজ উদ্বেগ প্রকাশ করেন। বিষয়টি নিয়ে কেন্দ্রীয় সরকারকে রাষ্ট্রসংঘের দ্বারস্থ হওয়ারও পরামর্শ দেন তিনি।

এদিকে, বাংলাদেশ পরিস্থিতি নিয়ে প্রধান বিরোধী দল বিজেপির ভূমিকার তীব্র সমালোচনা করে মুখ্যমন্ত্রী বলেন, বিরোধী দলের সদস্যরা মিটিং মিছিল করে প্ররোচনা মূলক ভাষণ দিচ্ছেন।

মুখ্যমন্ত্রীর বক্তব্য প্রস্তাব হিসেবে কেন্দ্রীয় সরকারের কাছে বিবেচনার জন্য পাঠানো হবে বলে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন।।

০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন, বাংলাদেশের পরিস্থিতি নিয়ে বিদেশ মন্ত্রক ইতিমধ্যেই তিনবার প্রতিক্রিয়া ব্যক্ত করেছে।

তিনি বলেন, বিষয়টি রাজনৈতিক নয়। বাঙালি হিন্দুদের অস্তিত্ব বিপন্ন। তাই রাজনীতির উর্ধ্বে উঠে তাদের পাশে দাঁড়ানো উচিত।

(বাইট – শুভেন্দু)

বাংলাদেশে ইসকনের সন্ন্যাসী চিন্ময় প্রভুর মুক্তির দাবি এবং সে দেশে সংখ্যালঘুদের উপর অত্যাচারের প্রতিবাদে বিভিন্ন ধর্মীয় সংগঠনের পক্ষ থেকে উত্তর ২৪ পরগনার পেট্রাপোল সীমান্তে অবরোধ চলেছে। ২৪ ঘণ্টা ধরে চালানো এই অবরোধে

বাংলাদেশগামী পণ্যবাহী ট্রাকগুলি আটকে দেওয়া হয়েছে।

এদিকে, অরাজনৈতিক সংগঠন সনাতনী ঐক্য পরিষদের পক্ষ থেকেও আজ পেট্রাপোলে এক সমাবেশের আয়োজন করা হয়। সমাবেশে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এবং উত্তর চব্বিশ পরগনা জেলার বিজেপি বিধায়করা উপস্থিত ছিলেন। হিন্দুদের উপর অত্যাচার বন্ধে রাষ্ট্রসংঘের হস্তক্ষেপ দাবি করেন শুভেন্দুবাবু।

এই পরিস্থিতিতে রাজ্যে অনুপ্রবেশের বিষয়ে বিএসএফ-এর উত্তরবঙ্গ ফ্রন্টিয়ারের আই জি সূর্যকান্ত শর্মা জানিয়েছেন, সীমান্তে কড়া নজরদারী চলছে।

(বাইট - আই জি)

০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের চাহিদা মিটলে তবেই অন্য রাজ্যে আলু পাঠানোর অনুমতি দেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ফের স্পষ্টভাবে জানিয়ে দিয়েছেন। রাজ্যে আলু ও পেঁয়াজের মূল্য বৃদ্ধি নিয়ে আজ বিধানসভায় তিনি ক্ষোভ প্রকাশ করে বলেন। মুখ্যমন্ত্রী বলেন। আলু উৎপাদনে রাজ্য দেশের মধ্যে দ্বিতীয় স্থানে থাকলেও কিছু ব্যবসায়ী তা বাইরে পাঠিয়ে দিচ্ছে। পেঁয়াজের ক্ষেত্রেও সম্প্রতি এই প্রবণতা দেখা যাচ্ছে। ভিনরাজ্যে আলু ও পেঁয়াজ পাঠানোর ক্ষেত্রে রাজ্যের সার্থকে অগ্রাধিকার দিতে হবে বলে তিনি স্পষ্ট জানান।

এদিকে, কৃত্রিমভাবে অভাব সৃষ্টির উদ্দেশ্যে কর্মবিরতি করলে রাজ্য সরকার আলু ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেবে বলে জানিয়েছে। কৃষি বিপণন মন্ত্রী বেচারাম মান্না আজ বিধানসভার বাইরে সাংবাদিকদের বলেন, হিমঘরগুলিতে বর্তমানে ছয় লক্ষ দুই হাজার মেট্রিক টন আলু মজুত রয়েছে। চলতি বছরের বাকি দিনগুলিতে রাজ্যের চাহিদা মেটানোর পক্ষে তা যথেষ্ট। কৃত্রিমভাবে চাহিদা সৃষ্টি করার জন্য ৪০ জন ব্যবসায়ীকে চিহ্নিত করা হয়েছে। তার অভিযোগ, চাষীদের কাছ থেকে আলু কেনার সময় ৫০ কেজির ব্যাগ পিছু ৩০০ টাকা করে লাভ করার পরেও তারা আলু নিয়ে কালোবাজারি করার চেষ্টা করছে। রাজ্য সরকার কোনোভাবেই এটা বরদাস্ত করবে না বলেও মন্ত্রী স্পষ্ট জানিয়ে দেন।

০০০০০০০০০০০০০০০০০০

তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি দলের বিধায়কদের আরো শৃঙ্খলা পরায়ন হওয়ার নির্দেশ দিয়েছেন। আজ বিধানসভায় নব নির্বাচিত ছয় বিধায়ককে শপথ গ্রহণের পরে মুখ্যমন্ত্রী, সব বিধায়কদের সঙ্গে বৈঠকে বসেন।

তিনদিন বিধানসভায় সময় মতো না এলে চতুর্থ দিনে সেই বিধায়ককে কারণ দর্শানোর নোটিশ জারি করা হবে বলে তিনি জানান। আগামী বিধানসভা নির্বাচনের প্রস্তুতির জন্য দলনেত্রী এখন থেকেই নিবিড় জনসংযোগ শুরু করার নির্দেশও দিয়েছেন।

এর আগে রাজ্যের ছয় বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে জয়ী প্রার্থীরা আজ শপথ নেন। বিধানসভা ভবনে এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর উপস্থিতিতে রাজ্যপাল সিভি আনন্দ বোস এদের শপথবাক্য পাঠ করান। প্রথমে শপথ গ্রহণ করেন সিতাই থেকে নির্বাচিত সঙ্গীতা রায়। তারপর একে একে জয়প্রকাশ টোপ্পো, রবিউল ইসলাম, সনত্ দে, সুজয় হাজরা ও ফাল্গুনি সিংহ বার শপথ গ্রহণ করেন।

উল্লেখ্য সম্প্রতি রাজ্যের ৬টি বিধানসভা আসন - নৈহাটি, হাড়োয়া, সিতাই, মাদারিহাট, তালডাংরা ও মেদিনীপুরের উপ নির্বাচনে সবকটাতেই জয়ী হয় তৃণমূল কংগ্রেস।

০০০০০০০০০০০০০০০০০০

ডিভিসি, রেল-সহ বিভিন্ন কেন্দ্রীয় সংস্থার অসহযোগিতার কারণে রাজ্যের প্রায় ১০ লক্ষ পরিবার বা ৫০ লক্ষ মানুষ জল জীবন মিশন প্রকল্পের বাড়ি বাড়ি পানীয় জলের পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছেন বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি অভিযোগ করেছেন। বিধানসভা থেকে আজ সংশ্লিষ্ট দফতর ও জেলাশাসকদের সঙ্গে ওই প্রকল্পের অগ্রগতি নিয়ে বৈঠক করেন মুখ্যমন্ত্রী। সেখানে তিনি বিস্তারিত পরিসংখ্যান তুলে ধরে ওই কেন্দ্রীয় সংস্থাগুলির বিরুদ্ধে অসহযোগিতার অভিযোগ তোলেন। অবিলম্বে ওই সব সংস্থার সঙ্গে বৈঠক করে সমস্যার সামধানের জন্য তিনি মুখ্যসচিব মনোজ পন্থকে নির্দেশ দেন।

(বাইট - মুখ্যমন্ত্রী)

এ প্রসঙ্গে দামোদর ভ্যালি কর্পোরেশনের সমালোচনা করে মুখ্যমন্ত্রী বলেন, ডিভিসি শুধু বন্যার জল ছাড়তে জানে, খাবার জল দেয় না। তাদের জন্য প্রায় ৪ লক্ষ পরিবার পানীয় জল পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছেন বলেও মুখ্যমন্ত্রীর অভিযোগ।

এদিকে, জল চুরি রুখতেও কঠোর পদক্ষেপ নিতে মুখ্যসচিবকে নির্দেশ দেন। যে সব ঠিকাদার সংস্থা ঠিকমত কাজ করছেন না তাঁদের কালো তালিকা ভুক্ত করারও কথা বলেন তিনি। এখন থেকে প্রতি সপ্তাহে সোমবার জল প্রকল্পের অগ্রগতি নিজে খতিয়ে দেখবেন বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার বিভিন্ন দপ্তরে স্থায়ী ও চুক্তিভিত্তিক মিলিয়ে শূন্য পদে প্রায় দেড় হাজার লোক নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে আজ বিধানসভায় রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই সংক্রান্ত একটি প্রস্তাব গৃহীত হয়। এরমধ্যে ৬৪ জন পরিবেশ বন্ধু সহ মোট সাতশো জন পুর দপ্তরে এবং চুক্তিভিত্তিক ও স্থায়ী কর্মচারী মিলিয়ে জনস্বাস্থ্য কারিগরি দপ্তরে ৫৮৩ জন জুনিয়র ইঞ্জিনিয়ার নেওয়া হবে। এছাড়াও গোটা রাজ্যে প্রতিটি মহকুমার সমস্ত পুলিশ এলাকায় একজন করে আইনজীবী নিয়োগ সংক্রান্ত একটি প্রস্তাবও আজকের বৈঠকে গৃহীত হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

নিয়োগ দুর্নীতি মামলায় ইডি-র হাতে ধৃত অয়নশীলকে শর্ত সাপেক্ষে জামিন মঞ্জুর করেছে কলকাতা হাইকোর্ট। ২০২৩-এর বিশেষ মার্চ পুরো নিয়োগ দুর্নীতি কাণ্ডে ইডি তাকে গ্রেফতার করে। অয়নশীলের সংস্থা ওএমআর শিট বানানোর বরাত পেত বলে অভিযোগ। বিচারপতি শুভ্রা ঘোষ আজ ১০ লক্ষ টাকার ব্যক্তিগত বন্ডে তার জামিন মঞ্জুর করেন। তবে, থাকছে বেশকিছু শর্ত। পাসপোর্ট জমা রাখা ছাড়াও মোবাইল নম্বর না পাল্টানোর নির্দেশ দেওয়া হয়েছে। একই সঙ্গে তদন্তেও পূর্ণ সহযোগিতা করতে হবে।

তবে, এই মামলায় জামিন পেলেও প্রথমিক নিয়োগ মামলাতে সিবিআই-এর হাতে গ্রেফতার হওয়ায় আপাতত জেল বন্দিই থাকতে হচ্ছে তাকে।

এদিকে, নিয়োগ দুর্নীতি মামলায় ধৃত প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের জামিন নিয়ে আজ সুপ্রিম কোর্টে শুনানি থাকলেও তা পিছিয়ে যায়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে আগামীকাল থেকে আকাশ পরিষ্কার হবে এবং তাপমাত্রাও নামবে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে। আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা হাবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে জানান, বঙ্গোপসাগর থেকে জলীয় বাষ্প প্রবেশ করায়, উপকূলীয় জেলাগুলিতে গত দু - তিন বিক্ষিপ্ত ভাবে বৃষ্টিপাত হয়েছে।

বাইট (আবহাওয়া দপ্তর)

এদিকে, কোলকাতা সহ দক্ষিণবঙ্গের অন্য জেলাগুলিতে আজও আকাশ ছিলো মেঘলা। সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৫ দশমিক ৬ ডিগ্রী সেলসিয়াস। স্বাভাবিকের থেকে যা আড়াই ডিগ্রী কম।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০